বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

# ২০২৬ সালের জুন মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ১৫.০৬.২০২৬
সময় : দুপুর ২.০০টা
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম, লেভেল-৬, বাপেক্স ভবন, ঢাকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে সভাপতি স্বাগত জানান। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব শারীরিক অসুস্থতাজনিত কারণে উপমহাব্যবস্থাপক (বোর্ড)-কে-সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করার অনুরোধ করেন। অত:পর উপমহাব্যবস্থাপক (বোর্ড)-সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | উপমহাব্যবস্থাপক (বোর্ড) সভার শুরুতে মে ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক কার্যবিবরণীর বিষয়ে কোনো মতামত বা সংশোধনের প্রয়োজন আছে কিনা তা জানতে চান। কোনো মতামত ও সংশোধন না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে উপস্থিত কর্মকর্তাগণ একমত প্রকাশ করেন। | মে ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | প্রকল্প ব্যবস্থাপক জানান, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে DPP সংশোধনপূর্বক তা পেট্রোবাংলায় মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে যা PSC সভায় উপস্থাপনের প্রক্রিয়াধীন রয়েছে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ভূমি হুকুমদখলের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রটি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ২২/০৬/২০২৬ তারিখে বর্ণিত ভূমির সম্ভাব্যতা যাচাই কাজ জেলা প্রশাসন কার্যালয় কর্তৃক সম্পাদিত হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ভূমি হুকুমদখল কার্যক্রম দ্রুত সম্পন্ন করার এবং ডিপিপি অনুমোদনের বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে যোগাযোগপূর্বক দ্রুত ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। প্রণীত DPP অনুমোদনের লক্ষ্যে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য অধিগ্রহণতব্য ভূমির ক্ষতিপূরণ পরিশোধ না হওয়ায় স্থানীয় জনগণের বাধার কারণে কাজ সাময়িকভাবে বন্ধ ছিল। পরবর্তীতে স্থানীয়দের সহায়তায় পুনরায় গ্যাস গ্যাদারিং পাইপলাইনের কাজ শুরু করা হয়েছে যা ১৫ দিনের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়। এছাড়া তিনি আরোও জানান যে, কৃষি, | ১। প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে এবং প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে তা সম্পন্ন করতে হবে।<br>২। ইপিসি ঠিকাদার এর নিকট থেকে প্রসেস প্ল্যান্ট | ১। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বন বিভাগ ও জেলা মার্কেটিং অফিস মূল্য নির্ধারণের জন্য জেলা প্রশাসন, ভোলা হতে পত্র প্রেরণ করা হয়েছে। উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য ২টি HDD এবং ২ কি.মি. দৈর্ঘ্যের পাইপলাইন স্থাপন কাজ প্রক্রিয়াধীন আছে। ভূমি অধিগ্রহণ কাজে পুনরায় স্থানীয় জনগণের বাঁধা না আসলে আগামী ১৫দিনের মধ্যে সম্পন্ন হবে। ব্যবস্থাপনা পরিচালক গ্যাস গ্যাদারিং/সেলস লাইন সংক্রান্ত বিষয়ে ইপিসি ঠিকাদার এর নিকট পত্র প্রেরণ করা হয়েছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, ইপিসি ঠিকাদার এর নিকট প্রেরণের লক্ষ্যে একটি খসড়া পত্র প্রস্তুত করা হয়েছে যা দ্রুততম সময়ের মধ্যে প্রেরণ করা হবে। তিনি আরও জানান যে, সংশ্লিষ্ট ঠিকাদার ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য কিছু সংখ্যক মালামাল Shipment আগামী ৩০.০৬.২০২৬ তারিখের মধ্যে করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান যে, ইতোমধ্যে প্রসেস প্ল্যান্ট স্থাপনের মালামাল Shipment এর বিষয়ে PSI প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ইপিসি ঠিকাদার এর নিকট থেকে প্রসেস প্ল্যান্ট ও সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট এর সময়াবদ্ধ পরিকল্পনা চেয়ে পত্র প্রেরণ করার এবং ভূমি অধিগ্রহণ ও পূর্ত কাজ দ্রুততার সাথে শুরু করে নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প আবশ্যিকভাবে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। একইসাথে প্রসেস প্লান্ট ও সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট, বৈদেশিক প্রকিউরমেন্ট, গ্যাস গ্যাদারিং/সেলস লাইন এবং কমিশনিং সংশ্লিষ্ট কার্যক্রম নিয়মিত ফলোআপ করার নির্দেশনা প্রদান করেন। | ও সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট এর সময়াবদ্ধ পরিকল্পনা চেয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকিপূর্বক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য পূর্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৪। প্রসেস প্লান্ট ও সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট, বৈদেশিক প্রকিউরমেন্ট, গ্যাস গ্যাদারিং/সেলস লাইন এবং কমিশনিং সংশ্লিষ্ট কার্যক্রম নিয়মিত ফলোআপ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) জানান, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রকল্পের ডিপিপি পুনর্গঠনপূর্বক পুনরায় পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে গত ১১.০৬.২০২৬ তারিখে প্রেরণ করা হয়েছে। এছাড়া, অর্থ বিভাগ হতে লিকুইডিটি সার্টিফিকেট পাওয়া গেছে। ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয় প্রকল্পের ডিপিপির বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) এবং<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫। | বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়ন | উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) সভায় জানান যে, বাপেক্স-এর জন্য একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নের কাজ চলমান আছে। একটি খসড়া অর্গানোগ্রাম করা হয়েছে এবং বাপেক্সর সকল বিভাগের নিকট মতামত চাওয়া হয়েছে। ইতোমধ্যে খসড়া অর্গানোগ্রাম এর বিষয়ে অধিকাংশ বিভাগের মতামত পাওয়া গেছে এবং সে অনুযায়ী হালনাগাদ করা হয়েছে। কোম্পানি সচিবালয়, ওয়েল সার্ভিসেস বিভাগসহ অবশিষ্ট কিছু বিভাগের মতামত প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাইপূর্বক খসড়া অর্গানোগ্রাম চূড়ান্ত করা হবে। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স এর সকল বিভাগের মতামতের ভিত্তিতে অর্গানোগ্রাম চূড়ান্ত করার পরামর্শ প্রদান করেন। একইসাথে অর্গানোগ্রাম প্রণয়নের ক্ষেত্রে বাপেক্স-এর সামগ্রিক স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার উপর গুরুত্বারোপ করেন। | ১। বাপেক্স-এর সামগ্রিক স্বার্থকে অগ্রাধিকার প্রদানপূর্বক সংশ্লিষ্ট সকল বিভাগের মতামতের ভিত্তিতে অর্গানোগ্রাম চূড়ান্ত করে পরিচালক পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৬। | গভীর কূপ খনন প্রকল্প | প্রকল্প পরিচালক সভায় জানান, "৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন" শীর্ষক প্রকল্পের আওতায় আহবানকৃত দরপত্রের বিপরীতে ঠিকাদারকে নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (NoA) প্রদান করা হয়েছে এবং ১৫.০৫.২০২৬ তারিখে ঠিকাদার প্রতিষ্ঠান তা গ্রহণ করে পত্র প্রদান করেছে। ইতোমধ্যে ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে পারফরম্যান্স সিকিউরিটি পাওয়া গেছে এবং রিভিউয়ের জন্য ড্রাফট কন্ট্রাক্ট ঠিকাদারকে প্রদান করা হয়েছে। ড্রাফট কন্ট্রাক্ট অধিকতর যাচাই-বাছাইপূর্বক দ্রুততম সময়ের মধ্যে চুক্তি সম্পাদন করা হবে। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব বর্ণিত ড্রাফট কন্ট্রাক্ট যাচাই-বাছাই/সংশোধন কাজে উপমহাব্যবস্থাপক (ল'এন্ড পিএ)-কে সংযুক্ত করার পক্ষে মতামত ব্যক্ত করলে প্রকল্প পরিচালক তাতে সম্মতি প্রকাশ করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, কূপ খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে শ্রীকাইল ডিপ-১ খনন এলাকার রাস্তা তৈরির কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং উন্নয়ন কাজ চলমান আছে। এছাড়া, ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের ভূমি সংক্রান্ত বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং পূর্ত কাজের জন্য দরপত্র আহবান করার লক্ষ্যে প্রাক্কলন তৈরির কাজ প্রক্রিয়াধীন রয়েছে। প্রসঙ্গক্রমে তিনি আরও জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর সিলেট সফরজনিত কারণে প্রাক্কলন তৈরির কাজ নির্ধারিত সময়ের চেয়ে কিছু দিন বিলম্ব হতে পারে। এছাড়া, মোবারকপুর ডিপ-১ খননের লক্ষ্যে এলাকার রাস্তা তৈরির কাজ সম্পন্ন হয়েছে এবং | ১। চুক্তির শর্তাবলি যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক দ্রুততম সময়ের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।<br>২। ভূমি হুকুমদখল প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>৩। কূপ খননের প্রস্তুতির লক্ষ্যে CCDC যন্ত্রপাতি ও ইক্যুইপমেন্টসহ আগমনের পূর্বেই রাস্তা ও সাইট প্রস্তুত রাখতে হবে। | ১। প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট প্রকল্প)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | উন্নয়ন কাজ চলমান আছে বলে তিনি সভাকে অবহিত করেন। ব্যবস্থাপনা পরিচালক কূপ খননের প্রস্তুতির লক্ষ্যে CCDC যন্ত্রপাতি ও ইক্যুইপমেন্টসহ আগমনের পূর্বেই রাস্তা ও সাইট প্রস্তুত রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়া, চুক্তির শর্তাবলি যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক দ্রুত চুক্তি স্বাক্ষরের নির্দেশনা প্রদান করেন। | | |
| ০৭। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ হাসান লতিফ জানান, '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে লিকুইডিটি সার্টিফিকেট সংযোজনপূর্বক ডিপিপি পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পুনর্গঠন করে পুনরায় পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। কমিটি কর্তৃক দরপত্র দলিল প্রস্তুতির কাজ চলমান আছে।<br>ব্যবস্থাপনা পরিচালক '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের দরপত্র দলিল প্রস্তুতপূর্বক পর্ষদ সভায় উপস্থাপনের লক্ষ্যে বোর্ড কর্তৃক গঠিত কারিগরি কমিটির নিকট উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপির বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের দরপত্র দলিল প্রস্তুতপূর্বক বোর্ড কর্তৃক গঠিত কারিগরি কমিটির নিকট উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>১। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৮। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) জানান, বাপেক্স-এর বর্তমানে মোট ৩০৩টি (Non-SFI ৬৩টি, SFI ২১৬টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) নিরীক্ষা আপত্তি রয়েছে। গত ২০.০৫.২০২৬ তারিখে অনুষ্ঠিত দ্বিপাক্ষিক সভায় ৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে, একটি আপত্তির ক্ষেত্রে আংশিক নিষ্পত্তি হয়েছে এবং ২টি আপত্তি প্রয়োজনীয় কাগজপত্র দাখিল সাপেক্ষে নিষ্পত্তির সম্ভাবনা রয়েছে। এছাড়া (১৬+৬) = ২২টি SFI (অগ্রীম) এবং ০২টি Non-SFI ব্রডশীট জবাব প্রেরণ করার জারিপত্র পাওয়া গিয়েছে। ব্রডশীট জবাব প্রদানের মাধ্যমে আপত্তি নিষ্পত্তি হচ্ছে না। বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক বিদ্যুৎ জ্বালানি অডিট অধিদপ্তরের মহাপরিচালক এবং পরিচালক পর্যায়ে আলোচনা হলে আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে সহায়ক হতে পারে।<br>অত:পর সভায় অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর পেনশন নিষ্পত্তি সংক্রান্ত অডিট আপত্তির বিষয়ে আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়ে উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) জানান যে, বাপেক্স এর কয়েকজন কর্মকর্তার পেনশন সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে ইতোমধ্যে নিরীক্ষা উপবিভাগ এবং হিসাব ও অর্থ বিভাগ এর মতামত গ্রহণ করা হয়েছে। বর্ণিত বিষয়ে আইনগত মতামত গ্রহণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ | ১। নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্স-এর অডিট আপত্তির সংখ্যা হ্রাস করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| | | | ২। মানবিক দৃষ্টিকোণ বিবেচনায় এবং আইনের মধ্যে থেকে বাপেক্স এর প্রাক্তন কর্মকর্তাগণের পেনশন সংক্রান্ত অনিষ্পন্ন বিষয়টি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | | | ৩। বাপেক্স-এর দরপত্রসমূহের মূল্যায়ন যথাযথভাবে সম্পাদন করতে হবে এবং দরপত্র মূল্যায়ন কমিটিতে নতুন বহিঃসদস্য অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৩।উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করা হবে। প্রসঙ্গক্রমে তিনি আরও জানান যে, বাপেক্স এর পেনশন বিধিমালায় কোন কর্মকর্তার বিরুদ্ধে নিরীক্ষা আপত্তি ও দুর্নীতি দমন কমিশন (দুদক) এর মামলা অনিষ্পন্ন থাকলে পেনশন নিষ্পত্তি সাময়িকভাবে স্থগিত রাখার বিষয়টি উল্লেখ রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর মোট কতজন কর্মকর্তার পেনশন অনিষ্পন্ন রয়েছে সেই তালিকা তৈরি করা আছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) জানান যে, প্রাথমিকভাবে পেনশন অনিষ্পন্ন রয়েছে এমন কর্মকর্তাগণের একটি তালিকা তৈরি করা আছে। আরও যাচাই-বাছাইপূর্বক পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করা হবে। ব্যবস্থাপনা পরিচালক মানবিক দৃষ্টিকোণ বিবেচনায় এবং আইনের মধ্যে থেকে বিষয়টি দ্রুত নিষ্পত্তির পরামর্শ প্রদান করেন। অত:পর তিনি বাপেক্স-এর দরপত্র মূল্যায়ন কমিটিতে নতুন বহিঃসদস্য অন্তর্ভুক্ত করার বিষয়ে দপ্তর আদেশ জারি করা হয়েছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান, যে সকল মূল্যায়ন কমিটির বহিঃসদস্য দীর্ঘদিন যাবৎ অন্তর্ভুক্ত আছে তাদের পরিবর্তে নতুন বহিঃসদস্য অন্তর্ভুক্ত করার বিষয়ে ইতোমধ্যে নথি উত্থাপন করা হয়েছে যা দ্রুততম সময়ের মধ্যে দপ্তর আদেশ জারি করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান ও ব্রডশিট জবাব প্রদানের মাধ্যমে বাপেক্স-এর অডিট আপত্তির সংখ্যা কমানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি অডিট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়াও, দরপত্র মূল্যায়ন যথাযথভাবে সম্পাদন এবং বাপেক্স-এর দরপত্রের ধরন ও কারিগরি প্রাসঙ্গিকতা বিবেচনায় বহিঃসদস্যের একটি প্যানেল প্রস্তুত করার বিষয়ে পরামর্শ প্রদান করেন। | | |
| ৯। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাম ড্রিলিং সংশ্লিষ্ট কাজের ড্রিলিং অংশ সম্পন্ন হয়েছে। কাজ চলাকালীন কিছু কারিগরি সমস্যা দেখা দিলেও সভা করে তা সমাধান করা হয়েছে। Cementing Unit এবং | ১। দ্রুত রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। ডিআইসি, রূপগঞ্জ-১ কূপ ওয়ার্কওভার, বাপেক্স |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | Drilling Coller এ Leakage-জনিত সমস্যার কারণ নিরুপণের চেষ্টা চলছে এবং অবশিষ্ট কাজসমূহ দ্রুত সম্পন্ন করে ডিএসটি কার্যক্রমে যাওয়ার প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। এছাড়া, ওয়ার্কওভার চলাকালীন উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগের সাথে সমন্বয় করে কাজ করা হচ্ছে এবং প্রয়োজনীয় পূর্ব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ২। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার চলাকালীন উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগকে পূর্ব প্রস্তুতি নিয়ে রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস)<br>৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৪। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৫। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১০। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান, সেমুতাং-৬ কূপে ইতোমধ্যে সফলভাবে ডিএসটি ও কমপ্লিশন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বর্তমানে কূপটি হতে আনুমানিক ২.৫ এমএমসিএফডি গ্যাস উৎপাদন পাওয়া যাচ্ছে, যা সরাসরি রিং মেইনে সরবরাহ করা হচ্ছে। তিনি আরও জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কাজে ব্যবহৃত বিজয়-১৮ রিগটি পরবর্তীতে কোথায় স্থানান্তর করা হবে এবং চ্যালেঞ্জ নিরুপণের লক্ষ্যে বাপেক্স এর কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সেমুতাং-৬ কূপ হতে বিজয়-১৮ রিগটি কসবা স্থাপনায় এবং রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজে ব্যবহৃত বিজয়-১২ রিগটি সুন্দলপুর-৩ এ স্থানান্তর করার বিষয়টি বিবেচনা করা হয়েছে। অত:পর আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার কাজে ব্যবহৃত বিজয়-১১ রিগ-এ কারিগরি সমস্যা দেখা দিয়েছে। বাপেক্স এর প্রকৌশলীগণ বর্ণিত সমস্যা সমাধানের সর্বোচ্চ চেষ্টা করেছে। তবে, এখনো সমস্যাটি পুরোপুরি সুরাহা করা সম্ভব হয়নি। উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) প্রকৌঃ মোহাম্মদ মুনিরুজ্জামান বলেন যে, সম্প্রতি বাপেক্স এর কাজের জন্য Honghua এর Programer আসবে। বিজয়-১১ রিগের কারিগরি সমস্যা উক্ত Programer-দের সহায়তা নিয়ে সমাধান করার পক্ষে মত প্রকাশ করেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (খনন) বলেন যে, বাপেক্স এর রিগসমূহ দীর্ঘদিনের পুরানো হওয়ায় বিভিন্ন সময় কারিগরি সমস্যা দেখা দিচ্ছে। তাই, ভবিষ্যতে বাপেক্স এর রিগসমূহের কারিগরি জটিলতা এড়ানোর লক্ষ্যে নিয়মিত Category-3/4 এ Inspection করানোর প্রস্তাব করলে অন্যান্য কর্মকর্তাগণ তাঁতে একমত প্রকাশ করেন। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার কাজে ব্যবহৃত বিজয়-১১ রিগ-এ কারিগরি সমস্যাটি দ্রুত সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার এবং ভবিষ্যতে | ১। সেমুতাং-৬ কূপ হতে বিজয়-১৮ রিগটি কসবা স্থাপনায় এবং রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজে ব্যবহৃত বিজয়-১২ রিগটি সুন্দলপুর-৩ এ স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস)<br>৩। ডিআইসি, সেমুতাং-৬ কূপ ওয়ার্কওভার |
| | | | ২। বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার কাজে ব্যবহৃত বিজয়-১১ রিগ-এ কারিগরি সমস্যাটি দ্রুত সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার এবং ভবিষ্যতে বাপেক্স এর রিগসমূহের কারিগরি জটিলতা এড়ানোর লক্ষ্যে নিয়মিত Category-3/4 এ Inspection করতে হবে।<br><br>৩।জুলাই-২৬ এর মধ্যে সেমুতাং-৬ কূপ ওয়ার্কওভার সংশ্লিষ্ট কাজ সমাপ্ত করতে হবে এবং রিগ ও অন্যান্য মালামাল প্রয়োজনে সেমুতাং গ্যাসক্ষেত্রের অধীনে ন্যস্ত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বাপেক্স এর রিগসমূহের কারিগরি জটিলতা এড়ানোর লক্ষ্যে নিয়মিত Inspection করানোর পরামর্শ প্রদান করেন। | | |
| ১১। | সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার এবং সুন্দলপুর-৪ কূপ খনন | সভায় সুন্দলপুর-৪ কূপ খনন কাজ শুরু করার সম্ভাব্য তারিখ জানতে চাওয়া হলে মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রিগের টেস্টিং ও কমিশনিং সম্পন্ন করে ওয়ার্কেবল অবস্থায় রিগ হ্যান্ডওভার করা হলে ড্রিলিং কার্যক্রম শুরু করা যাবে। সংশ্লিষ্ট খনন স্থাপনার লোকবল ইতোমধ্যে সংযুক্ত করা হয়েছে। আলোচনায় অংশ নিয়ে প্রকল্প পরিচালক জানান যে, সুন্দলপুর-৪ কূপে ০১.০৬.২০২৬ তারিখে ড্রিলিং কার্যক্রম শুরু করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। প্রয়াজনীয় Cementing Service না পাওয়ায় পূর্বে নির্ধারিত তারিখে কূপ খনন কাজ শুরু করা সম্ভব হয়নি। তবে, Cementing Service পাওয়া গেলে ২০.০৬.২০২৬ তারিখ হতে কূপ খনন কাজ শুরু করা যাবে। এ পর্যায়ে বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস) জানান যে, Cementing সার্ভিস পাওয়া নিয়ে কিছু জটিলতা রয়েছে। তবে, ১৮.০৬.২০২৬ তারিখে Drill কাজ শুরু করা যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। ব্যবস্থাপনা পরিচালক সুন্দলপুর-৪ ও সুন্দলপুর সাউথ-১ কূপের ড্রিলিং কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। সুন্দলপুর সাউথ-১ কূপে দ্রুততম সময়ের মধ্যে ড্রিলিং কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। একইসাথে মেঘনা-১ কূপ ওয়ার্কওভার কাজে রিগ পরিবহনের জন্য ছোট/সংকুচিত রাস্তা সংস্কারের বিষয়ে বিজিএফসিএল-সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। দ্রুততম সময়ের মধ্যে সুন্দলপুর-৪ কূপ খননের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন) |
| | | | ২। সুন্দলপুর সাউথ-১ কূপ খনন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | | ৩। মেঘনা-১ কূপ খনন এলাকার ছোট/সংকীর্ণ রাস্তার বিষয়টি বিবেচনায় নিয়ে ওয়ার্কওভার/খননের সাথে সংশ্লিষ্ট সকল বিভাগসমূহকে পূর্ব প্রস্তুতি নিয়ে রাখতে হবে এবং রাস্তা সংস্কারের বিষয়ে বিজিএফসিএল এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৪। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৫। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) |
| ১২। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | উপমহাব্যবস্থাপক (এইচএসই) জানান যে, বাপেক্স ভবনের ছাদে Thunder Arrester স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া, সম্প্রতি বাপেক্স ভবনে ফায়ার ড্রিল অনুষ্ঠিত হয়েছে, যেখানে সংশ্লিষ্ট সকলে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন। অত:পর তিনি আরও জানান যে, বাপেক্স ভবনের সকল ফ্লোর সরেজমিন পরিদর্শনপূর্বক ইলেকট্রিক্যাল সোর্সগুলো পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার উপর গুরুত্ব আরোপ করেন। ব্যবস্থাপক (সেবা) জানান, বাপেক্স ভবনের লিফট যান্ত্রিক ত্রুটির বিষয়ে Creative Engineering Ltd.-কে অবহিত করা হলে উক্ত প্রতিষ্ঠানের প্রকৌশলীরা যান্ত্রিক ত্রুটির কারণ নিরুপণ করে লিফটগুলো সচল করার ব্যবস্থা গ্রহণ করেছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ড প্রতিরোধে | ১। বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ড প্রতিরোধে নিয়মিত তদারকি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই) |
| | | | ২। বাপেক্স এর কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে লিফটসমূহ সার্বক্ষণিক রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | | ৩। বাপেক্স ভবনের ইলেকট্রিক্যাল সোর্সগুলো পরীক্ষা-নিরীক্ষা করে | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নিয়মিত তদারকি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং বাপেক্স এর কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে লিফটসমূহ সার্বক্ষণিক রক্ষণাবেক্ষণ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া, বাপেক্স ভবনের ইলেকট্রিক্যাল সোর্সগুলো পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করতে হবে। | |
| ১৩। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ। | ১৩.১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান, আঞ্চলিক কার্যালয়, বাপেক্স-এ সোলার প্যানেল স্থাপন কাজ শুরু হয়েছে যা আগামী সপ্তাহের মধ্যে সম্পন্ন হবে। সোলার প্যানেল স্থাপন শেষে নেট মিটারিং স্থাপনের বিষয়ে পাহাড়তলীতে অবস্থিত একটি বিদ্যুৎ কোম্পানির সাথে যোগাযোগ করা হয়েছে। প্রতিষ্ঠানটি চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সোলার প্যানেল স্থাপনে সার্বিক সহযোগিতা করা হবে মর্মে আশ্বস্ত করেছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সোলার প্যানেল স্থাপন কাজে সম্পন্ন করে নেট মিটারিং স্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপন করতে হবে।<br>২। সোলার প্যানেল স্থাপন শেষে নেট মিটারিং স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |
| | | ১৩.২। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান যে, আঞ্চলিক কার্যালয়, বাপেক্স-এ অনেক অকেজো মালামাল অব্যবহৃত অবস্থায় রয়েছে। তাই, তিনি বাপেক্স এর অকেজো মালামালের জন্য নিলাম আহবান করা হলে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় এর অকেজো মালামালসমূহ অন্তর্ভুক্ত করার ওপর গুরুত্ব আরোপ করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর অকেজো মালামালের জন্য নিলাম আহবানের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি প্রকৌঃ মোহাম্মদ শেফাউল ইসলাম জানান যে, কমিটি কর্তৃক বাপেক্স এর অকেজো মালামালের তালিকা চূড়ান্ত করা হয়েছে এবং একটি কার্যপত্র প্রস্তুত রয়েছে যা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরিচালক পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর অকেজো মালামাল নিলামের লক্ষ্যে পরবর্তীতে পর্ষদ সভায় একটি কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স এর অকেজো মালামাল নিলামের লক্ষ্যে পরবর্তী পর্ষদ সভায় একটি কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৩.৩। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, ছাতক গ্যাস ফিল্ডে বাপেক্স কর্তৃক কার্যক্রম গ্রহণের প্রেক্ষিতে রেভিনিউ শেয়ারিং বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিতে বাপেক্স, পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট গ্যাস ফিল্ড/কোম্পানির প্রতিনিধিগণ অন্তর্ভুক্ত রয়েছেন। ইতোমধ্যে কমিটির সদস্যগণ ছাতক গ্যাস ফিল্ড পরিদর্শন করেছেন এবং মাঠ পর্যায়ের অবস্থা পর্যবেক্ষণপূর্বক একটি খসড়া প্রতিবেদন তৈরি করেছে যা দ্রুততম সময়ের মধ্যে দাখিল করা হবে। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) বলেন যে, ছাতক গ্যাস ফিল্ডের বিষয়ে কার্যক্রম চলমান থাকলেও ফেনী গ্যাস ফিল্ডের বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। ফেনী গ্যাস ফিল্ডে বাপেক্স কীভাবে কার্যক্রম গ্রহণ করবে, তা পরবর্তীতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত ও আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানাভুক্তি/কার্যক্রম গ্রহণের বিষয়ে পেট্রোবাংলার সাথে নিয়মিত যোগাযোগ এবং প্রয়োজনীয় ফলোআপ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | ১। ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ এবং প্রয়োজনীয় ফলোআপ অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| | | ১৩.৪। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান, বাপেক্স-এর বিভিন্ন প্রকল্পের মালামাল/যন্ত্রপাতি আমদানিকালে Pre-Shipment Inspection (PSI) যথাযথভাবে সম্পাদন করার লক্ষ্যে কর্মরত PSI প্রতিষ্ঠানের পাশাপাশি নতুন একটি PSI প্রতিষ্ঠান নিয়োজনের লক্ষ্যে বিভিন্ন উপবিভাগের মতামত গ্রহণ করা হয়েছে। ভবিষ্যত জটিলতা এড়ানো লক্ষ্যে নতুন PSI প্রতিষ্ঠান নিয়োজনের বিষয়টি আরও যাচাই-বাছাই করা হচ্ছে। বিদ্যমান PSI প্রতিষ্ঠান এর সাথে বাপেক্সের চুক্তির মেয়াদ শেষে PSI প্রতিষ্ঠান নিয়োজনের লক্ষ্যে দরপত্র আহবান করা হলে সেটি আরও যথাযথ হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বিদ্যমান PSI প্রতিষ্ঠান এর সাথে বাপেক্সের চুক্তির মেয়াদ শেষে PSI প্রতিষ্ঠান নিয়োজনের পরামর্শ প্রদান করেন। | ১। বিদ্যমান PSI প্রতিষ্ঠান এর সাথে বাপেক্সের চুক্তির মেয়াদ শেষে নতুনভাবে PSI প্রতিষ্ঠান নিয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| | | ১৩.৫। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, বাপেক্স ভবন বর্ধিত করার বিষয়ে কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে; তবে কার্যক্রম প্রত্যাশিতভাবে অগ্রসর করা যায়নি। এছাড়া বর্তমানে ভবন সংক্রান্ত নতুন কাজ গ্রহণে সরকারি বিধিনিষেধ থাকায় কাজ বাস্তবায়নে সীমাবদ্ধতা রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, বর্তমানে বাপেক্সে জনবল বৃদ্ধি পাচ্ছে এবং ভবিষ্যতে আরও জনবল যুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যে ৩৪ জন কর্মকর্তা নিয়োগের প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ | ১। বাপেক্স ভবনে ১২ তলার উপরে কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)-ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| | | | ২। বাপেক্স এর কর্মকর্তাগণের কর্মদক্ষতা বৃদ্ধি এবং সুন্দর কর্মপরিবেশ নিশ্চিত | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে। তাই বাপেক্স ভবনের ১২ তলার উপরে অতিরিক্ত তিন/চার/পাঁচটি ফ্লোর নির্মাণের সম্ভাব্যতা, প্রয়োজনীয়তা এবং বাস্তবায়নযোগ্যতা নিয়ে একটি সুস্পষ্ট প্রস্তাবনা প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। সভায় কর্মকর্তা-কর্মচারীদের বসার জায়গার সংকট, বিশেষ করে নতুন ব্যাচের কর্মকর্তা-কর্মচারীদের আসন সংকট এবং স্টাফ বাস/যাতায়াত সুবিধা সংক্রান্ত সমস্যা এবং অতিরিক্ত গরমের কারণে কাজের পরিবেশ বিঘ্নিত হওয়ার বিষয়ে আলোকপাত করা হয়। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স এর কর্মকর্তাগণের কর্মদক্ষতা বৃদ্ধি এবং সুন্দর কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে ৪টি করে শক্তিশালী Exhaust ফ্যান স্থাপনের নির্দেশনা প্রদান করেন। একইসাথে বাপেক্স ভবনে ১২ তলার উপরে কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | করার লক্ষ্যে বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে ৪টি করে শক্তিশালী Exhaust ফ্যান স্থাপন করতে হবে। | ২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | ১৩.৬। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, মানিকগঞ্জ, জলদি-পটিয়া ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের লক্ষ্যে পূর্ত কাজের জন্য একটি কমিটির মাধ্যমে সাইট ভিজিট সম্পন্ন হয়েছে এবং প্রাথমিক কাজ শুরু করা হয়েছে। তিনি আরও জানান যে, জলদি এলাকা খুবই দুর্গম কূপ খনন সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর কাজ কষ্টসাধ্য হবে। এছাড়া, বর্তমানে যাতায়াতের রাস্তা না থাকায় এবং পাহাড়ি এলাকা হওয়ায় স্পাইরাল রাস্তা তৈরি করে মালামাল স্থানান্তর কাজ সম্পাদন করতে হবে বিধায় অনেক ব্যয়বহুল হবে। প্রসঙ্গক্রমে তিনি আরও জানান যে, ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের জন্য বর্তমানে নির্ধারিত স্থানটি দুই নদীর মোহনায় অবস্থিত বিধায় কূপ খননের জন্য পূর্ত কাজ সম্পাদন খুবই ঝুঁকিপূর্ণ হবে। তাই, তিনি জলদি ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের জন্য ডিপিপি প্রণয়নের বিষয়টি পুনবিবেচনার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ফেঞ্চুগঞ্জ-২ কূপ ওয়ার্কওভার না করে ফেঞ্চুগঞ্জ নর্থ-১ এ কূপ খননের লোকেশন নির্ধারণের কারণ জানতে চাইলে উপব্যবস্থাপক (ভূপদার্থ) ও সদস্য সচিব, জিএন্ডজি কমিটি জনাব মোঃ হামিদুর রহমান জানান যে, ফেঞ্চুগঞ্জ-২ কূপে কিছু জটিলতা থাকায় ওয়ার্কওভার করার সুযোগ নেই। তাই, রিপ্লেসমেন্ট হিসেবে ফেঞ্চুগঞ্জ নর্থ-১ এ কূপ খননের লোকেশন নির্ধারণ করা হয়েছে। তিনি আরও বলেন যে, জলদি এলাকাটি দুর্গম হলেও ইতঃপূর্বে সেখানে ৩টি কূপ খনন করা হয়েছে এবং গ্যাসের উপস্থিতি প্রমাণিত হওয়ায় জলদি | ১। মানিকগঞ্জ, পটিয়া, ফেঞ্চুগঞ্জ-৬ কূপ এবং জলদি ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ২টি পৃথক প্রকল্পের ডিপিপি প্রস্তুত করতে হবে।<br>২। জলদি ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের বর্তমানে নির্ধারিত লোকেশন পুনর্বিবেচনা করতে হবে। | ১। মহাব্যবহস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>১। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | এলাকায় কূপ খনন করা প্রয়োজন। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জলদি এলাকায় প্রমাণিত গ্যাসের উপস্থিতি থাকায় সেখানে নতুন কূপ খননের পক্ষে মতামত ব্যক্ত করেন। তিনি পূর্ত ও রাস্তা নির্মাণ কাজে প্রয়োজনে স্থানীয় প্রশাসন এবং সেনাবাহিনীর সহযোগিতা নেয়া হবে বলে সভায় অবহিত করেন। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) বলেন যে, জলদি কূপ খননের জন্য নির্ধারিত লোকেশন প্রায় ২৮০ ফুট পাহাড়ের উপর অবস্থিত এবং ফেঞ্চুগঞ্জ নর্থ-১ জন্য নির্ধারিত লোকেশন দুই নদীর মোহনায় হওয়ায় পূর্ত ও উন্নয়ন কাজ ঝুঁকিপূর্ণ এবং ব্যয়বহুল হওয়ার সম্ভাবনা থাকায় নতুন লোকেশনে কূপ খননের স্থান নির্ধারণের বিষয়টি পুনর্বিবেচনার আহবান করলে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) বাপেক্স এর কমিটিতে নতুন লোকেশনে কূপ খননের স্থান নির্ধারণের বিষয়টি পুনর্বিবেচনা করা হবে বলে সভাকে আশ্বস্ত করে। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) জনাব আনিসুর রহমান সোহেল মানিকগঞ্জ, জলদি-পটিয়া, ফেঞ্চুগঞ্জ-৬ ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ এ কূপ খননের জন্য শুধুমাত্র একটি প্রকল্প নেয়া হলে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করা চ্যালেঞ্জিং হবে এবং দীর্ঘ সময়ের প্রয়োজন হবে। তাই, তিনি বর্ণিত পাঁচটি কূপ খনন কাজ ২টি প্রকল্পের মাধ্যমে সম্পাদনের পক্ষে মতামত ব্যক্ত করেন। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির সুষ্ঠু কাজের স্বার্থে (ক) মানিকগঞ্জ, পটিয়া, ফেঞ্চুগঞ্জ-৬ এবং (খ) জলদি ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ হিসেবে ২টি প্রকল্পের ডিপিপি প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। একইসাথে জলদি ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের বর্তমানে নির্ধারিত লোকেশন পুনর্বিবেচনার পরামর্শ প্রদান করেন। | | |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করে

প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

বিতরণ:
১) মহাব্যবস্থাপক ........................................................................বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ...................................................................বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক..................................বাপেক্স।
৪) অফিস কপি।